

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, কুমিল্লা।
(প্রশাসনিক শাখা)
www.cumilla.judiciary.gov.bd



আদেশ নং-১৪৪/২০২৬

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১৩/০৯/২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর অধীন অনূন ৫(পাঁচ) বৎসর বা ততোধিক শাস্তিযোগ্য অপরাধের বিচারার্থীন মামলাসমূহ বর্তমান আদালত হতে নবগঠিত মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনালসমূহে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র-১ : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৪ এর প্রজ্ঞাপন ও এস.আর. ও নং-৩২৬-আইন/২০২৬, তারিখঃ ০৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ।

সূত্র-২ : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৪ এর স্মারক নম্বর: ১০.০০.০০০০.১২৮.১৫.০০৫.২১-৪৩৩, তারিখঃ ০৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ।

সূত্র-৩ : মাননীয় সিনিয়র জেলা ও দায়রা এর কার্যালয়ের আদেশ নং-১৪৬, তারিখঃ ০৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ।

সূত্রোক্ত ০১নং প্রজ্ঞাপন অনুযায়ী সরকার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ৪৪ক এ প্রদত্ত ক্ষমতাবলে মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনাল, কুমিল্লা-১ (কোতওয়ালী, সদর দক্ষিণ, হোমনা, তিতাস, মেঘনা, লালমাই, বরুড়া, চান্দিনা এবং দেবিদ্বার থানা এলাকা) এবং মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনাল, কুমিল্লা-২ (বুড়িচং, ব্রাহ্মণপাড়া, মুরাদনগর, বাঙ্গরা বাজার, দাউদকান্দি, চৌদ্দগ্রাম, লাকসাম, মনোহরগঞ্জ এবং নাঙ্গলকোট থানা এলাকা) এর স্থানীয় অধিক্ষেত্র নির্ধারণ করে এবং প্রজ্ঞাপন জারীর ৬০ (ষাট) দিনের মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর অধীন অনূন ৫(পাঁচ) বৎসর বা ততোধিক শাস্তিযোগ্য অপরাধের চলমান মামলাসমূহ বর্তমান আদালত হতে নবগঠিত মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনাল সমূহে সংশ্লিষ্ট আইন ও বিধি মোতাবেক স্থানান্তরিত হবে এবং কোনো মামলা যে পর্যায়ে স্থানান্তরিত হইবে, সেই পর্যায় হতে উক্ত মামলার বিচারকার্য পরিচালিত হবে মর্মে প্রজ্ঞাপন জারী করেছেন।

২নং সূত্রোক্ত স্মারকমূলে অতিরিক্ত দায়রা আদালত নং-৩, কুমিল্লাকে মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনাল, কুমিল্লা-১ এবং অতিরিক্ত দায়রা আদালত-৪ কুমিল্লাকে মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনাল, কুমিল্লা-২ হিসেবে দায়িত্ব প্রদান করায় ০৩ নং সূত্রোক্ত স্মারকের নির্দেশিত মতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর অধীন অনূন ৫(পাঁচ) বৎসর বা ততোধিক শাস্তিযোগ্য অপরাধের চলমান মামলাসমূহ স্থানীয় এখতিয়ার সম্পন্ন নবগঠিত মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনালসমূহে প্রেরণ পূর্বক রেজিস্টারে নোট প্রদান অস্ত্রে মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, কুমিল্লা এবং অত্র কার্যালয়কে অবহিত করার নির্দেশ প্রদান করা হলো।

একই সাথে আমলী আদালতসমূহে তদন্তার্থীন মামলাসমূহ বিচার ও নিষ্পত্তির নিমিত্ত প্রস্তুত হলে সরাসরি স্থানীয় এখতিয়ার সম্পন্ন মাদকদ্রব্য অপরাধ দমন ট্রাইব্যুনাল বরাবর প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।


(কামরুল হাসান)

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
কুমিল্লা।

তারিখঃ ১৩/০৯/২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নং- সিজএম/কুম- ২৭৭ (১৯)/২০২৬/প্র:শা:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, কুমিল্লা।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা;

২। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা;

৩। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-১/২/৩/৪/৫, কুমিল্লা;

৪। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-১/২/৩/৪/৫/৬, কুমিল্লা;

৫। আমলী আদালত নং-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১, কুমিল্লা;

৬। সভাপতি/সাধারণ সম্পাদক জেলা আইনজীবী সমিতি, কুমিল্লা;

৭। অফিস কপি।


(কামরুল হাসান)

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
কুমিল্লা।